"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং ঃ পরী/উমা/২০২২/১৩/১৯৬৭ তারিখ ঃ ৩০/০৫/২০২২ খ্রি.

# এইচএসসি পরীক্ষা-২০২২ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

২। ক. কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন শিক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

খ. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক প্রস্তুতিমূলক পরীক্ষা গ্রহণ করতে পারে কিন্তু এই পরীক্ষা পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে কুমিল্লা শিক্ষাবোর্ডের সচিবের অনুকূলে ক্রয়কৃত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৪। এইচএসসি পরীক্ষা-২০২২ শুরুর সম্ভাব্য তারিখ: ২২/০৮/২০২২ (সোমবার)।

৫। **অনলাইনে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন ও ফরম পূরণ :**

ক. শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) ০৭/০৬/২০২২ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০৮/০৬/২০২২ থেকে ২২/০৬/২০২২ তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ সম্পন্ন করতে হবে। প্রতিষ্ঠানসমূহ কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) প্রবেশ করে এইচএসসি কর্ণারে এইচএসসি'২০২২ পরীক্ষার ফরম পূরণ এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে। উক্ত হার্ডকপিতে Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে এবং Save বাটনে ক্লিক করতে হবে। Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে। এ পর্যায়ে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

খ. Temporary List যাচাইয়ান্তে Pay info তে ক্লিক করার পর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) Pay Slip এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য Pay Slip Print করে ব্যাংকে টাকা জমাদানের পর আর কোন অবস্থাতেই Select/Unselect করা যাবে না। তবে ব্যাংকে টাকা জমাদানের পূর্বে Select/Unselect করলে পুনরায় Pay Slip প্রিন্ট করে নিতে হবে। ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে Final Submit Button Active হবে। অতঃপর Final Submit এ ক্লিক করে Final Candidate List Print করতে হবে। Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে কলেজে সংরক্ষণ করবেন। উল্লেখ্য Final Submit না করলে পরীক্ষার্থীর ফরম পূরণ নিশ্চায়ন সম্পন্ন হবেনা।

গ. যে সকল পরীক্ষার্থী বিধি মোতাবেক রেজিস্ট্রেশন নবায়ন করে Online -এ ফরম পূরণ করবে তাদের নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপির উপরাংশে প্রিন্টকপির ক্রমিক নাম্বার উল্লেখ করে কলেজে সংরক্ষণ করবেন।

ঘ. অন্য কলেজের রেজিস্ট্রেশনধারী যে সকল পরীক্ষার্থী Online - এ ফরম পূরণ করবে তাদের ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি এবং ছাড়পত্র প্রদানের বিষয়ে বোর্ডের অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপির উপরাংশে প্রিন্টকপির ক্রমিক নাম্বার উল্লেখ করে কলেজে সংরক্ষণ করবেন।

৬। ফরম পূরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের সময়সূচি :

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের তালিকাভূক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | ০৪/০৬/২০২২ |
| খ | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ :<br>**নোট :** যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২২ সালের পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২১ সালে আংশিক বিষয়ে ফরম পূরণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। | ০৪/০৬/২০২২ |
| গ | ২০২১ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২২ সালে ঐ এক বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ১০০/ (একশত টাকা)। এক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ : | ০৪/০৬/২০২২ |
| ঘ | কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন | ০৭/০৬/২০২২ |
| ঙ | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ :<br>উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।<br>(খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ০৮/০৬/২০২২ থেকে ২২/০৬/২০২২ |
| চ | পরীক্ষার্থীদের "ফি" অনলাইনে প্রেরণের শেষ তারিখ | ২৩/০৬/২০২২ |

৭। সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

**চলমান পাতা - ২**

৩০/০৫/২২

**৮। এক/ দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

ক. যে সকল পরীক্ষার্থী ২০১৯/২০২০/২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২২ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ ২০২২ সালের এইচএসসি পরীক্ষার জন্য নির্ধারিত সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**খ. শুধুমাত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীকে অবশ্যই ফরমপূরণ করতে হবে। ফরমপূরণ ব্যতীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।**

গ. যে সকল পরীক্ষার্থী ২০১৯/২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে, ২০১৯/২০২১ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৯/২০২১ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২২ সালের সকল/এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**৯। ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ: ০৪/০১/০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

**১০। রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**

ক. ২০১৭-২০১৮ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৬-২০১৭ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ. পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**১১। রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :**

ক. ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২২ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ২০২১ সালে এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে/অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২২ সালে অকৃতকার্য/অনুপস্থিত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ. যে সকল পরীক্ষার্থী ২০১৯, ২০২১, সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৯, ২০২০, ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২১ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ১০০/-(একশত) টাকা নবায়ন ফি জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ. ** ২০২২ সালে রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরনের ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।

**বি.দ্র. : আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনোই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

**১২। জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

ক. রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২২ এইচএসসি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

খ. যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ের পরীক্ষা দিয়ে ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**১৩। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস ও সময় সংক্রান্ত :**

২০২২ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষার সময় ২.০০ ঘন্টা

**১৪। সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো :**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র/ বিষয়) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র আদায়কৃত) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | | | ১৫/- | ৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | ১০০/- | | ১৫/- | ৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১০০/- | ২৫/- | ৫০/- | | ১০০/- | | ১৫/- | ৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | | ১০০/- | ১৫/- | ৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১০০/- | ২৫/- | ৫০/- | ১০০/- | | ১০০/- | ১৫/- | ৫/- |
| শুধুমাত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অকৃতকার্য আংশিক পরীক্ষার্থী | | | ৫০/- | | ১০০/- | | ১৫/- | ৫/- |
| রেজিস্ট্রেশন নবায়ন ফি | ১০০/- | | | | | | | |

চলমান পাতা - ৩

১৫। অন্যান্য ফি এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :

ক. রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত টাকা)।

খ. প্রাইভেট পরীক্ষার্থীদের ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত) টাকা মাত্র।

১৬। কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :

ক. এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪০০/- (চারশত টাকা)। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে)।

খ. এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪০০/- (চারশত) + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা মাত্র।

গ. এইচএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীন ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (বিশ টাকা)। **ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।**

**বিঃ দ্রঃ** কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্ত হবে।

**আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবে। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে, পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মূলকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবেন।**

১৭। নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে :

| ক্রমিক | বিবরণ | বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ) | মানবিক শাখা (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা শাখা (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ১ | বোর্ড ফি | ১৫৭০.০০ | ১৩৭০.০০ | ১৩৭০.০০ |
| ২ | ব্যবহারিক ফি'সহ কেন্দ্র ফি | ৭৬০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ |
| | সর্বমোট = | ২৩৩০.০০ | ১৭৭০.০০ | ১৭৭০.০০ |

**বিশেষ দ্রষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর ৪র্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বর্ণিত ফি এর সাথে অতিরিক্ত ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরও ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে।**

১৮। পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলি সংক্রান্ত :

ক. পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে।

খ. কোনক্রমেই নগদ টাকা, পেঅর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

গ. এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি'র সোনালী সেবা ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

**রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত সেশন (১ম বর্ষ, ও ২য় বর্ষ মিলে সর্বমোট ২৪ মাস অর্থাৎ ০১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত) এর বাইরে একাডেমিক বা অন্য কোন ফি আদায় করা যাবেনা**

**** কোন অবস্থাতেই নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবেনা। এ সংক্রান্ত কোন তথ্য দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম পূরণ প্যানেল বন্ধ করা সহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১৯। ২০২২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত :

সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | 80 – 100 | 5.00 |
| A | 70 – 79 | 4.00 |
| A– | 60 – 69 | 3.50 |
| B | 50 – 59 | 3.00 |
| C | 40 – 49 | 2.00 |
| D | 33 – 39 | 1.00 |
| F | 00 – 32 | 0.00 |

২০। অন্যান্য বিষয় সংক্রান্ত :

ক. অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলি অভিযুক্ত হবার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে, সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

খ. এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২২ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চলমান পাতা - ৪

২১। **শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণের জন্য বিশেষ নির্দেশাবলী :**

ক. এ বোর্ডের অনুমোদিত কলেজে কর্মরত শিক্ষকগণের তথ্যাবলী বোর্ডের ওয়েবসাইটে দেয়া eTIF এর নির্ধারিত ছকে অনলাইনে প্রয়োজনীয় সংশোধন এবং যারা এখনও অন্তর্ভুক্ত হননি তাঁদেরকে আগামী ০৮/০৬/২০২২ হতে ৩০/০৭/২০২২ তারিখের মধ্যে অন্তর্ভুক্ত/সংশোধন করতে হবে। প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকের তথ্য eTIF এ অন্তর্ভুক্তি শেষে হার্ড কপিতে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর নিয়ে এক কপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। উচ্চমাধ্যমিক পরীক্ষায় eTIF এর বাহিরে প্রশ্ন সেটার, প্রশ্ন মডারেটর, পরীক্ষক, প্রধান পরীক্ষক, পুন: নিরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া সম্ভব হয়না। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব EIIN নাম্বার ও eSIF এর Password ব্যবহার করে কাজটি সম্পন্ন করবেন। বিশেষায়িত প্রতিষ্ঠানের শিক্ষকগণ ব্যতিত নন এমপিও শিক্ষকদের eTIF পূরণ না করার জন্য অনুরোধ করা হলো।

খ. কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা সংক্রান্ত পারিশ্রমিকের বিল সোনালী ব্যাংক লিমিটেডের অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে আপনার eTIF এ তথ্য প্রদানের সময় **বিষয় কোড, পদবী, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, সচল সোনালী ব্যাংক হিসাব নং (১৩ সংখ্যা) ও সচল মোবাইল নম্বর** নির্ভুলভাবে প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বর্ণিত তথ্যাবলী যথাসময়ে অনলাইনে প্রেরণ না করলে, ভুল ও অসম্পূর্ণ তথ্য প্রদান করলে সেটার/মডারেটর/পরীক্ষক/ প্রধান পরীক্ষক ও পুন: নিরীক্ষকের পারিশ্রমিক প্রদান সংক্রান্ত কোন প্রকার জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

গ. শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং- শা: ১০/বোর্ড বিবিধ-১/২০০৩ (অংশ)/০৯. তারিখ : ০৫/০১/২০১০ খ্রি: এর আদেশ মোতাবেক পাবলিক পরীক্ষায় কোন শিক্ষককে প্রশ্ন প্রণয়ণ/প্রশ্ন পরিশোধন/প্রধান পরীক্ষক/পরীক্ষক/পুনঃ নিরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হলে তা অবশ্যই যথাযথভাবে পালন করতে হবে। নিয়োগপত্র/ মোবাইলে মেসেজ দেয়ার পর যদি কোন শিক্ষক শারীরিক অসুস্থতার কারণে দায়িত্ব পালনে অপারগ হন, সে ক্ষেত্রে নির্ধারিত তারিখের পূর্বেই অধ্যক্ষের মাধ্যমে এ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করতে হবে।

ঘ. প্রত্যেক প্রতিষ্ঠান eTIF এর নির্ধারিত ছকে অনলাইনে বিষয়ভিত্তিক শিক্ষকগণের তালিকা প্রেরণের পর ০১ (এক) কপি কুমিল্লা শিক্ষাবোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর ই-মেইলে (dchscomillaboard@gmail.com) প্রেরণ করতে হবে।

ঙ. প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব প্যাডে সচল E-mail Address, EIIN, অধ্যক্ষের বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল নম্বর দিতে হবে এবং সার্বক্ষণিক সচল রাখতে হবে।

**অধ্যক্ষগণকে উল্লেখিত (ক-গ) এ বর্ণিত বিষয়সমূহ তাঁর কলেজের সকল শিক্ষককে লিখিতভাবে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ</u>

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৫. জেলা প্রশাসক, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৬. পুলিশ সুপার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
৮. অধ্যক্ষ, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
৯. সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১০. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই বিল্ডিং শাখা, কুমিল্লা
১১. কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট
১২. সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ হাবিবুর রহমান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৪৩৭